উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১১৫ তারিখঃ ০৬ এপ্রিল '২০২৬খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের এপ্রিল-২০২৬ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১২ এপ্রিল '২০২৬ খ্রিঃ তারিখ রবিবার বেলা ২.৩০ টায় উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. বিবিধ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০২৪৭৭৭৭১৯১৬
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
২। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
৩। উপজেলা ----------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৪। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১৬

তারিখঃ ০৬ এপ্রিল ' ২০২৬খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	০৭/০৪/২৬
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	৭/৪/২০২৬
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	৭/৪/২৬
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	৭/৪/২৬
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	০৭/০৪/২৬
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	৭/৪/২৬
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	০৭/৪/২৬
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	৭/০৪/২৬
১১	উপজেলা প: প: কর্মকর্তা	৭/০৪/২৬
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	৭/৪/২৬
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	০৭/৪/২৬
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	৭/৪/২৬
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	৭/৪/২৬
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	০৭.০৪.২৬

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১৬

তারিখঃ ০৬ এপ্রিল ' ২০২৬খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১.	মাননীয় সংসদ সদস্য ৮৮ যশোর-৪	
২.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	০৭।০৪।২৬
৩.	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
৪.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	০৮/০৪/২৬
৫.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৬.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	৮/৪/২৬
৭.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	০৭।০৪।২০২৬
৮.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	০৭/০৪/২৬
৯.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	০৭।০৪।২৬
১০.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
১১.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভুপালী সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ১২ এপ্রিল ২০২৬খ্রিঃ, রবিবার, বেলা-২.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব আব্দুল জলিল, প্যানেল চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব ডাঃ মোঃ মহিউদ্দিন আহমেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ মহিদুল জামান, সহকারি পরিদর্শক, উপজেলা সমবায় কর্মকর্তা এর পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মুশফিকুর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব অন্তরা সরকার, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব ডা: অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব ওয়ালিদ হোসেন রুম্মান, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) মোঃ আব্দুল কদ্দুস শাওন, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ রেজাউল করিম তরফদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরুপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে দরাজহাট চেয়ারম্যানের উপস্থিতির স্থলে জনাব মোঃ জাকির হোসেন এর নামের পরিবর্তে প্যানেল চেয়ারম্যানের নাম জনাব মোঃ শামছুর রহমান হয়ে গেছে, বিষয়টি সংশোধন হিসাবে গ্রহণ করার জন্য অনুরোধ জানান।	বর্ণিত নামের সংশোধনী গ্রহণপূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার

<table>
<tr><td>০২.</td><td>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ
পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।</td><td>সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।</td><td>১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>০৩.</td><td>বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন)
স্থায়ী কমিটির সভার কোনরুপ কার্যবিবরণী পাওয়া যায়নি । এ বিষয়ে আলোচনাকালে সকলকে যথাযথ নিয়মে স্থায়ী কমিটির সভা আহবানে অনুরোধ জানানো হয় এবং হস্তান্তরিত দপ্তরের বাইরে থেকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা স্থায়ী কমিটির সদস্য-সচিব হওয়ায় তাঁদেরকে পরবর্তী সভা থেকে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।</td><td>বিধি মোতাবেক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সদস্য-সচিব, স্থায়ী কমিটি(সকল) ।</td></tr>
<tr><td>০৪</td><td>৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-
(ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন) তহবিলের আওতায় গৃহিত প্রকল্প সংক্রান্তঃ ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এর আওতায় এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থের বিপরীতে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের কাজ প্রায় শেষের দিকে, কিন্তু অদ্যবধী ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া যায়নি ।
বিভিন্ন বিষয়াদি উপস্থাপনঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, যেহেতু এ সভায় মাননীয় সংসদ সদস্য এর উপস্থিতিতে উপজেলা পরিষদের প্রথম সভা এবং এর পরে আরো একটি জরুরী জনগুরুত্বপূর্ণ কার্যক্রম রয়েছে সেহেতু উপস্থাপনযোগ্য বিভিন্ন পত্রাদি সংক্ষিপ্ত আকারে উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে, পরবর্তীতে কার্যবিবরণীতে বিস্তারিতভাবে লিপিবদ্ধ করা হবে। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্যসহ সকল সদস্যের সম্মতিতে সংক্ষিপ্তভাবে উপস্থাপিত বিষয়গুলি নিম্নরুপভাবে তুলে ধরা হলো ।
(খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন ইউনিয়নে সংরক্ষিত হাট হিসাবে অনুমোদনঃ হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ মোতাবেক নিম্নলিখিত হাটসমূহকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের জন্য সংরক্ষিত হাট হিসাবে সংরক্ষণ করার বিষয়ে সভায় উপস্থাপিত হয়।
<table>
<tr><th>ক্রমিক</th><th>ইউনিয়নের নাম</th><th>সংরক্ষিত হাটের নাম</th></tr>
<tr><td>০১</td><td>জহুরপুর ইউপি</td><td>বেতালপাড়া হাট</td></tr>
<tr><td>০২</td><td>বন্দিবিলা ইউপি</td><td>বন্দবিলা হাট</td></tr>
<tr><td>০৩</td><td>রায়পুর ইউপি</td><td>রায়পুর হাট</td></tr>
<tr><td>০৪</td><td>ধলগ্রাম ইউপি</td><td>আগড়া হাট</td></tr>
<tr><td>০৫</td><td>বাসুয়াড়ী ইউপি</td><td>আলাদিপুর হাট</td></tr>
</table>
এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপরেল্লিখিত হাটসমূহকে পাশে বর্নিত ইউপির জন্য সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
(গ) উপজেলা পরিষদের পানির পাম্প ও মিলনায়তনের পুরাতন অব্যবহৃত আসবাপত্র নিলামকরণঃ উপজেলা পরিষদের পানির পাম্প এবং উপজেলা পরিষদ মিলনায়তনের পুরাতন অব্যবহৃত কাঠের চেয়ারসহ কিছু আসবাপত্র অনেকদিন যাবত পড়ে থেকে পচন ধরে নষ্ট হয়ে যাচ্ছে । সেহেতু উপজেলা প্রকৌশলী কর্তৃক উপজেলা পরিষদের পানির পাম্প ও মিলনায়তনের পুরাতন অব্যবহৃত আসবাপত্র কনডেমনেশনের মাধ্যমে নিলামে বিক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলণ সভায় উপস্থাপন করে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপস্থাপনকৃত প্রাক্কলন অনুমোদন করা হয় এবং জেলা কনডেমনেশন কমিটি ও স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রাপ্তির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।</td><td>(ক) দ্রুততার সহিত কাজ বাস্তবায়ন শেষ করার জন্য ঠিকাদারদের তাগিদ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।
(খ) ছকে বর্ণিত হাটসমূহকে পাশে বর্নিত ইউপির জন্য সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
(গ)সর্বসম্মতিক্রমে উপস্থাপনকৃত প্রাক্কলন অনুমোদন করা হয় এবং জেলা কনডেমনেশন কমিটি ও স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রাপ্তির জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>ক)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া
২।উপজেলা প্রকৌশলী
খ)
১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল)
৩। সংশ্লিষ্ট সকল
গ)
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া</td></tr>
</table>

	(ঘ) খলশী সরদারপাড়া লালমিয়া মাষ্টারের বাড়ী হতে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের রাস্তা সংক্রান্ত: বর্নিত রাস্তাটি সম্পন্ন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের উপসহকারী প্রকৌশলী সরেজমিনে পরিদর্শণকালে বর্ণিত রাস্তাটিতে পুকুর অংশের প্যালাসাইটিং কাজের স্বার্থে মাটি দ্বারা রাস্তাটি সংস্কার এবং উক্ত রাস্তাটিতে পূর্বের জরাজীর্ণ ফ্লাট সলিং অপসারণ করার জন্য দোহাকুলা ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান মর্মে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ৭-০৪-২০২৬খ্রিঃ তারিখে (ইউএনও অফিস ডকেট নং-৬৫০) একখানা আবেদন দাখিল করেছে। তিনি উক্ত আবেদনে আরো জানান যে, বর্নিত রাস্তার জরাজীর্ণ ইট উঠিয়ে পরিস্কারকরণ করে যেসকল ভালো ইট পাওয়া যাবে তা থেকে উঠানো খরচ, মাটির কাজের খরচ করার জন্য কিছু ইট বিক্রয় করা প্রয়োজন হবে। এছাড়া বর্ণিত কাজ শেষে যে ইট অবশিষ্ট থাকবে তা হবে জনস্বার্থে খলশী পশ্চিমপাড়া ইলিয়াছের পুকুর পাড়ের নিকট পাকা রাস্তা হতে বিলের রাস্তা ফ্লাট সলিংকরণের জন্য আবেদন দাখিল করে, যা সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে জনস্বার্থে মাটির কাজকরণ এবং নতুন ফ্লাট সলিং রাস্তাকরণ কাজের অনুমোদন প্রদান করা হয়।	(ঘ) জনস্বার্থে আবেদনে বর্নিত কাজসমূহ অনুমোদন প্রদান করা হয়।	(ঘ) ১। উপজেলা প্রকৌশলী ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ২। চেয়ারম্যান, দোহাকুলা ইউনিয়ন পরিষদ
	(ঙ) উপজেলা পরিষদের আওতাধীন বাস্তবায়িত সকল উন্নয়ন প্রকল্পের পূর্বের ও বাস্তবায়নের পরের ছবি নথিতে সংরক্ষণঃ বর্ণিত বিষয়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর ০৫ এপ্রিল ২০২৬খ্রিঃ তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০০.০৩.০০৬.২৬-২৪৬(যুক্ত) নং স্মারকপত্র সভায় উপস্থাপনপূর্বক জানানো হয় এখন থেকে উপজেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়িত সকল ধরণের প্রকল্প (উন্নয়ন ও রাজস্ব তহবিল) সম্পাদনের চুড়ান্ত বিল প্রদানের ক্ষেত্রে প্রকল্প স্থানের পূর্বের এবং কাজের পরের ছবি নথিতে সংরক্ষণ এবং প্রকল্প স্থানে সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে পত্রের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়।	(ঙ) উপজেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়িত সকল ধরণের প্রকল্প সম্পাদনের চুড়ান্ত বিল প্রদানের ক্ষেত্রে প্রকল্প স্থানের পূর্বের এবং কাজের পরের ছবি নথিতে সংরক্ষণ এবং প্রকল্প স্থানে সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(ঙ) ১) উপজেলা প্রকৌশলী ২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৩) সংশ্লিষ্ট সকল
	(চ) সারাদেশে শহর ও গ্রাম অঞ্চলে খেলার মাঠ নির্ধারণ ও বাস্তাবয়নঃ বর্ণিত বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রীড়া-১ শাখা এর ২৪ মার্চ ২০২৬খ্রিঃ তারিখের ৩৪.০০.০০০০.০০০.০৭১.৯৯.০০০১.২১.২৪৭নং স্মারকপত্র সভায় উপস্থাপনপূর্বক জানানো হয় যেসব উপজেলায় মিনি স্টেডিয়াম স্থাপিত হয়েছে, সেসব উপজেলা ব্যতিত অন্যান্য উপজেলায় ১০ বিঘা জমি খেলার মাঠ নির্মাণ এবং প্রতি ইউনিয়নে ০৮ বিঘা জমি খেলার মাঠ নির্মাণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণ জমির প্রস্তাব প্রেরণ করবেন। এক্ষেত্রে, এমনভাবে জায়গা নির্বাচন করতে হবে, যেন কৃষি জমি বিপন্ন না হয়। একই সাথে জায়গা নির্বাচনকালে যেন জায়গাটি লোকালয় বিচ্ছিন্ন না হয় সেদিকেও লক্ষ্য রেখে ইউনিয়ন পরিষদের মধ্যবর্তী স্থান অথবা গ্রোথ সেন্টারের নিকটবর্তী স্থান চিহ্নিত করতে হবে। এছাড়া খেলার মাঠের সাথে, শিশুদের নির্বিঘ্নে খেলাধুলার জন্য প্রস্তাবিত মাঠের এক পাশে শিশুদের খেলার জায়গা হিসেবে পার্ক পরিকল্পনায় রাখতে হবে মর্মে নির্দেশনা পাওয়া গেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানদের নিকট হতে উপরোক্ত বিষয়ে বিবেচনায় রেখে প্রস্তবনা আহবান করা হয়।	(চ) সকল ইউপি চেয়ারম্যানগণ স্মারকপত্রে বর্ণিত বিষয়ে বিবেচনায় রেখে প্রস্তবনা প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	(চ) ১। যুব উন্নয়ন কর্মকর্তা ২। ইউপি চেয়ারম্যান (সকল)
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) মার্চ-২০২৬ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার

০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** **(ক) খাল খনন কর্মসূচিঃ** বর্ণিত বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৫ এপ্রিল ২০২৬খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.০০০.৪২১.৯৯.০১৫.২৬-১০৪নং স্মারকপত্র সভায় উপস্থাপনপূর্বক জানানো হয় সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে 'খাল খনন' কর্মসূচি তদারকি ও সমন্বয় সাধণের লক্ষ্যে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারকে আহবায়ক করে উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে সদস্য এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন করে দিয়েছে । বর্নিত কমিটিকে কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ এবং পাক্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হয়েছে । **(ঘ) <u>অনুমোদিত মাষ্টার প্লান অনুযায়ী উপজেলা পরিষদের নতুন হলরুম নির্মানের স্থানে অবস্থিত জরাজীর্ণ অব্যবহৃত বিআরডিবি গোডাউন কনডেমনেশন এর মাধ্যমে অপসারণ:</u>** যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের অনুমোদিত মাষ্টার প্লান অনুযায়ী উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন ও হলরুম নির্মাণের স্থানে জরাজীর্ণ/পরিত্যক্ত উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের গোডাউন (বিআরডিবি গোডাউন) যা বর্তমানে বিআরডিবি দপ্তর কোন কাজে ব্যবহার করেন না এবং যেকোন সময় ভেঙ্গে পড়ে দূর্ঘটনা ঘটতে পারে । উক্ত ভবন অপসারণ না করলে নতুন হলরুম নির্মান কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না । তৎপ্রেক্ষিতে বর্ণিত ভবন কনডেম ঘোষনা করার লক্ষ্যে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে ইতোপূর্বে একাধিকবার প্রস্তবনা প্রেরণ করা হয়েছে, সর্বশেষ ২৬ সেপ্টেম্বর ২০২২খ্রি তারিখে ০৫.৪৪.৪১০৯.০০০.১৭.০০৬.২২.৪৪ নং স্মারকে প্রস্তবনা প্রেরণ করা হলে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর ০৬-০৩-২০২৩খ্রিঃ তারিখের ৪৭.৬২.০০০০.২১০.১৮.০৬৮.১৩.২০৪৪নং স্মারকপত্রে বিআরডিবি গোডাউন ভাঙ্গার ক্ষেত্রে বিআরডিবি'র গোডাউনের জায়গার পরিবর্তে বিআরডিবি'র নামে সমপরিমান জমি/অফিস স্পেস ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে সমঝোতা স্মারকের মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে কিনা? সেবিষয়ে মতামতসহ প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করে । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ মাসের মাসিক সভায় যেখানে বিআরডিবি এর অফিস ভবন রয়েছে সেখানে উপজেলা পরিষদের মালিকানাধীন ৯৩নং মহিরণ মৌজায়, আরএস খতিয়ান-০৭, আরএস দাগনং-২৮০৯ এ ৬০শতক জমি রয়েছে সভায় সর্বসম্মতিক্রমে উপরে বর্ণিত দাগ হতে বর্তমান গোডাউনের সমপরিমান জায়গা ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে সমঝোতা স্মারকের মাধ্যমে বরাদ্দ প্রদান করতে উপজেলা পরিষদ সম্মত আছে মর্মে সিদ্ধান্ত গ্রহণপূর্বক ২৯ মে ২০২৩খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪১০৯.০০০.১৭.০০৬.২২.১০৭৯নং স্মারকে বিআরডিবি এর গোডাউন ভাঙ্গার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। সেপ্রেক্ষিতে গত ০২ ফেব্রুয়ারি ২০২৬খ্রিঃ তারিখের ৪৭.০০.০০০০.০৩৩.১৬.০০৪.২৩-৪৫ স্মারকপত্রে প্রেরিত প্রস্তবনা অনুযায়ী সমপরিমান জায়গা ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে সমঝোতা স্মারকের মাধ্যমে প্রদানপূর্বক টেন্ডারের মাধ্যমে অপসারণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ মাসে সিদ্ধান্ত মোতাবেক সমঝোতা চুক্তি বাস্তবায়ন সম্পন্নপূর্বক বর্ণিত ভবনটি নিলাম প্রক্রিয়ার মাধ্যমে দ্রুততার সহিত অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়।	(ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে কাজের গুণগত মান পর্যবেক্ষণ এবং সার্বিক বিষয়ে নিয়মিত পাক্ষিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। (ঘ) উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ মাসে সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের মালিকানাধীন ৯৩নং মহিরণ মৌজায়, আরএস খতিয়ান-০৭, আরএস দাগনং-২৮০৯ হতে বর্তমান গোডাউনের সমপরিমান জায়গা ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে সমঝোতা স্মারকের মাধ্যমে বরাদ্দ প্রদানপূর্বক দ্রুততার সহিত "বিআরডিবি এর গোডাউনটি অপসারণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।	(ক) ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান

০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যেসকল রাস্তা-ঘাট উন্নয়নের জন্য প্রস্তবনা প্রেরণ করা হচ্ছে তার তথ্য সভায় উপস্থাপন করা জরুরী, সেহেতু পরবর্তীতে প্রেরিত বিভিন্ন উন্নয়ন প্রস্তবনা কার্যপত্র আকারে উপজেলা পরিষদের সভায় উপস্থাপনপূর্বক প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	(ক) ও (খ) উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যপত্র থেকে জানা যে, উপজেলা স্বাস্থ্য কমপেক্সস্ক এর বহিঃ বিভাগ থেকে ৮৩৯০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ২০৬৮ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৭২৮ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ২৪ জন, ১০ জন সিজারিয়ান করা হয়। ৭২ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ১৯৫৭১ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৭০৪ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ৮৪০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সারের উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। সারের কোথাও কোন ঘাটতি নাই। প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। দাপ্তরিক কার্যপত্র প্রদান না করায় বিস্তারিত জানা যায়নি।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া যথাসময়ে কার্যপত্র প্রদান করার অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা সহকারি মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত মাসে ১। উৎপাদন: ক. দুধ-২৪১৭.৪০ মে.টন, খ. ডিম-৩৯লক্ষ, গ. মাংস-৮৩২.৩৪.৪০ মে.টন, ঘ. সংকর জাতের বাছুর উৎপাদন-৪২১টি, ২। রোগপ্রতিরোধ: ক. গবাদি পশুর টিকা প্রদান-১৪১৬০মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৭৬০০০ মাত্রা, গ.ডিজিজ সার্ভিলেন্স-০২টি, ঘ.রোগ অনুসন্ধান ও নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-১০টি, ৩.চিকিৎসা, ক. গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৬৩২ টি, খ. হাঁসমুরগির চিকিৎসা প্রদান-৯২২৩টি, গ. পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ১৬ টি, ঘ . ফ্রিভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১টি, ৪.মানব সম্পদ উন্নয়ন--- ক. প্রশিক্ষণ-১০৫জন, খ. উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৪ টি, ৫. খামার পরিদর্শন- ১৩টি , ৬. পরিবেশ সুরক্ষা/ঘাস উৎপাদনঃ ২.০০একর, ৭.মাসিক বার্তাঃ অ্যানথ্রাক্স/তড়কা রোগে ভীতি নয়, প্রয়োজন সচেতনতা ৮. সরকারি এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ) আয়, ক. টিকাবীজ বিক্রয়- ৩৪০০০/- , খ. কৃত্রিম প্রজনন-৭৩৫০০/- ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে ৩য় কিস্তি সকল ভাতার পেরোল ৯৯.৩০% পাঠানো হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। বয়স্ক ভাতা ও বিধবা/স্বামী নিগৃহিতা মহিলা ভাতা বরাদ্দ পাওয়া গেছে চূড়ান্ত তালিকার কার্যক্রম চলছে।অনলাইনে প্রতিবন্ধী,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি,অনগ্রসর ও অনগ্রসর বিশেষ ভাতার আবেদন চলমান। পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস, আরএমসি) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ আদায়-৮৪৫৪৬৭/-(আট লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত সাতষাট্রি)মাত্র।আদায়ের হার ৯৪%। অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা

ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৫৮৮৫ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ১৫৭২(চক্র) কনডম ৩২৪(পিস) ইনজেকটেবল ৭৬২ জন আইইউডি ০১জন, ইমপ্লান্ট ০০জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০১, মোট ০১ জন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যায় যে, অত্র উপজেলার দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে। কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৮৫ টি দল/সমিতিরি ২৩০০ জন সমবায়ী সদস্যর মাঝে ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০০.০০ কোটি টাকা। চলতি আর্থিক বছরে ১০১৫ জন সদস্যর মধ্যে ৫৬০.৬৫ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৫৩০.৯০ লক্ষ ঋণ আদায় করা হয়েছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালযের কার্যপত্র থেকে জানা যায় যে, চলতি অর্থ বছরে ২৩জনের মধ্যে মোট যুব ঋণ হিসাবে ২০১৫০০০/- টাকা প্রদান করা হয়েছে । সার্বিক আদায় হার ৯৪% । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যপত্র সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৩৯টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০টি ও ৩৯ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যপত্র মোতাবেক জানা যায় যে, টি,আর ও কাবিখা চলমান আছে । সরকারি নির্দেশনা মোতাবেক খাল খনন সংক্রান্ত তথ্য সংগ্রহ চলমান আছে, এ বিষয়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যায় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত ১০৮ টি নলকূপের মধ্যে ১০৮ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে ও সাবমার্সিবল পাম্প বসানোর কাজ সমাপ্ত। ইতিমধ্যে প্লাটফর্ম নির্মাণের কাজ চলমান। এছাড়া ১৮ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ স্কিম স্থাপনের জন্য ১০০*৫০ মিঃমিঃ ব্যাসের সাবমার্সিবল পাম্পযুক্ত (১.৫ হর্স পাওয়ার) নলকূপ স্থাপন কাজের বোরিং সম্পন্ন হয়েছে। গ্রামীন স্যানিটেশন প্রকল্পের আওতায় ইউনিয়ন প্রতি ৫০ টি করে ০৯ টি ইউনিয়নে মোট ৪৫০ টি টুইনপিট ল্যাট্রিনের বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরিত পত্র অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করা হয়েছে। জহরপুর ইউনিয়ন ওয়াটসান কমিটি কর্তৃক তালিকা পাওয়ার পরে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	(ক) মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ উপস্থিত সকলকে আন্তকেন্দ্রীক চিন্তা না করে সামগ্রীক জনসাধারণের উন্নয়নে কাজ করার আহবান জানান । তিনি আরো জানান চাঁদাবাজি ও মাদকের বিষয়ে সকলকে আন্তরিকতার সহিত প্রতিরোধ গড়ে তুলতে হবে । তিনি বলেন সকলে আন্তরিকতার সহিত মিলেমিশে কাজ করলে অবশ্যই টেকসই উন্নয়ন করা সম্ভব । তিনি আরো জানান, বসুন্দিয়া ব্রীজসহ বিভিন্ন রাস্তার উন্নয়ন প্রকল্প প্রস্তবনা প্রেরণ করা হয়েছে । (খ) উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ে সরকার প্রদত্ত নির্দেশনা মেনে চলার আহবান জানান ।	(ক) সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয় । (খ) জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ে সরকার প্রদত্ত নির্দেশনা মেনে চলার সিদ্ধান্ত গৃহিত হয় ।	(ক) ও (খ) সংশ্লিষ্ট সকল

সভাপতি মহোদয় সকলকে সময়মত কর্মক্ষেত্রে উপস্থিত হওয়ার আহবান জানান । অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ভুপালী সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪- তারিখঃ ১২- ০৪-২০২৬ খ্রিঃ ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ ।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা ..... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।